

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬: ৪০

💵 আরবি মূল আয়াত:

وَ ثُلَّةٌ مِّنَ الأَخِرِينَ ﴿٢٠٤﴾

আর অনেকে হবে পরবর্তীদের মধ্য থেকে। — আল-বায়ান
আর পরবর্তীদের মধ্য থেকে বহুসংখ্যক — তাইসিরুল
এবং অনেকে হবে পরবর্তীদের মধ্য হতে। — মুজিবুর রহমান

And a company of the later peoples. — Sahih International

৪০. এবং অনেকে হবে পরবর্তীদের মধ্য থেকে।(১)

(১) আয়াতের এক অর্থ পূর্বেই বর্ণিত হয়েছে যে, أَوْلِينَ বিলে এই উম্মতেরই প্রাথমিক লোকদের বোঝানো হয়েছে। আর أَوْلِينَ বিলে এ উম্মতেরই পরবর্তী লোকদের বোঝানো হয়েছে। এমতাবস্থায় আয়াতের অর্থ স্পষ্ট। অর্থাৎ এ উম্মতের আসহাবুল ইয়ামীন উম্মতের প্রাথমিক লোকদের থেকে একটি বড় দল হবে। আর শেষের লোকদের থেকেও একটি বড় দল হবে। আর যদি আয়াতে أُولِينَ বিলে আদম আলাইহিস সালাম থেকে শুরু করে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত সময়ের লোকদের বোঝানো হয় এবং آخِرِينَ विलে এ উম্মতে মুহাম্মদীকেই বোঝানো হয়ে থাকে তবে আয়াতের সারমর্ম এই হবে যে, 'আসহাবুল-ইয়ামীন' তথা মুমিন-মুত্তাকীগণ পূর্ববর্তী সমগ্র উম্মতের মধ্য থেকে একটি বড় দল হবে এবং একা উম্মতে মুহাম্মদীর মধ্য থেকে একটি বড় দল হবে। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৪০) এবং অনেকে হবে পরবর্তীদের মধ্য হতে। [1]
 - [1] নবী করীম (সাঃ)-এর উম্মতের মধ্য হতে অথবা তাঁর উম্মতের পরবর্তীদের মধ্য থেকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5019

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন